আলমডাঙ্গায় ছেলুন জোয়ার্দ্দারের নৌকার সমর্থনে জাসদের মিছিল ও পথসভা

দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামীলীগের মনোনীত প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকার সমর্থনে আলমডাঙ্গায় জাসদ মিছিল ও পথসভা করেছে।

গতকাল শনিবার বিকেলে পৌর এলাকার গোবিন্দপুর গ্রাম থেকে বের হওয়া মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ৭১’র মোড়ের স্বাধীনতা স্তম্ভ এলাকায় পথসভা করেন।

পথসভায় জেলা জাসদ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ও সাবেক মেয়র এম.সবেদ আলী বলেন, আমরা ১৪ দলীয় জোটের শরিক দল। আমরা এই নির্বাচনে ছেলুন ভাইয়ের নৌকা প্রতিকের পক্ষে ভোট করছি। দেশের উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে। তাই আগামী ৭ জানুয়ারী ছেলুন ভাইকে নৌকা প্রতিকে ভোট দিয়ে জয়ী করতে হবে।

পথসভায় উপস্থিত ছিলেন জাসদ নেতা নজরুল ইসলাম, রশিদ আলী, ইকরামুল হক, আব্দুল আল মামুন, রাজ্জাক আলী, রবিন, রাজু, রিয়াজ, মুন্নাহ, তানজিম, হৃদয় প্রমূখ।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে ট্রাক মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজার (ট্রাক মার্কা) নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ট্রাক মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজা।

এসময় প্রধান অতিথির বক্তব্যে হাসেম রেজা বলেন, সকল ক্ষমতা জনগণের হাতে। তাই আপনারা যদি আমার ট্রাক মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করেন তাহলে আমি এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করব ইনশাল্লাহ। নির্বাচনের মাঠে আমার কোন নেতা কর্মীর গায়ে যদি কেউ হাত দেয় তাহলে সাথে সাথে তাকে প্রতিহত করা হবে। কোন সহিংসতা হলে আপনারা সাথে সাথে ৯৯৯ এ ফোন দেবেন। সব সময় পুলিশ আনসার সেনাবাহিনী আপনাদের পাশে আছে। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। কারোর ভোট কেউ দিতে পারবে না। তাই আপনারা ৭ জানুয়ারী সকাল সকাল ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আমার ট্রাক মার্কায় ভোট দেয়ার উদার্ত আহবান জানাচ্ছি।

চুয়াডাঙ্গা-২ আসনে সরেজমিনে বিভিন্ন গ্রাম ও শহর ঘুরে সাধারণ ভোটারদের সাথে কথা বলে জানাগেছে, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য, জাতীয় দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট পত্রিকার সম্পাদক ও প্রকাশক আবু হাশেম রেজা ওরফে হাশেম রেজা (ট্রাক মার্কা) সাধারণ ভোটারদের মাঝে ব্যাপক সারা ফেলেছেন। বিভিন্ন মিছিল মিটিং থেকে শুরু করে পথসভায় উপচে পড়া মানুষের ঢল দেখলে সহজেই বোঝা যায় চুয়াডাঙ্গা-২ আসনের মানুষ পরিবর্তনের পক্ষে ছুটে চলেছে। তারা দীর্ঘদিন মাঠে থাকা স্বতন্ত্র এমপি প্রার্থী হাশেম রেজার পক্ষে তাদের রায় দিতে পারেন। প্রতীক বরাদ্দের পর থেকে হাশেম রেজা একের পর এক চমক দেখিয়ে চলেছেন। তিনি বিপুল ভোটে জয়লাভ করবেন বলে সাধারন ভোটারা আশাবাদী।

স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজার ট্রাক মার্কার হাউলী ইউনিয়ন নির্বাচনী কমিটির প্রধান উপদেষ্টা রেজাউল করিম এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সহিদুল ইসলাম, এ্যাড: আবু তালেব, হাউলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি মো: হাসেম আলী, যুবলীগ নেতা আলাউদ্দিন, মালেক ভূঁইয়া, ইউনিয়ন যুবলীগ নেতা আনারুল ইসলাম সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্র লীগের হাজার হাজার নেতাকর্মী বৃন্দ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত

ছিলেন।

চুয়াডাঙ্গা ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ পিকআপ গাড়ী জব্দ

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার মাদক বিরোধী অভিযানে ২০০ বোতল ফেন্সিডিলসহ একটি পিকআপ গাড়ী জব্দ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দিকনির্দেশনায় মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোঃ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই (নিঃ) সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ)মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ বৃহস্পতিবার রাত সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন পৌর এলাকা বুজরুকগড়গড়ী বনানিপাড়া ঈদগাহের সামনে গাইদঘাট টু বেলগাছি রেলগেইটগামী পাকা রাস্তার উপর অবস্থান নিলে বেলগাছী রেলগেইট অভিমুখে দ্রুতগামী পিকআপ গাড়ীকে থামানোর নির্দেশ দিলে দ্রুত পিকআপ গাড়ী রেখে দুইজন আসামী দৌড়ে পালিয়ে যায়।

উপস্থিত সাক্ষীদের সম্মুখে পিকআপ গাড়ী তল্লাশি করে পিকআপের ভিতরে রাখা আমের ক্যারেটের মধ্যে বিশেষ কায়দায় রক্ষিত ২০০ (দুইশত) বোতল ফেন্সিডিলি উদ্ধার পূর্বক পিকআপ গাড়ী ও অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল জব্দ করেন। পলাতক ও অজ্ঞাতনামা আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৫১৮তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি ১৫১৮তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫১৮তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল । স্বরচিত লেখা পাঠ গোলাম কবীর মুকুল, বনলতা,চিত্ত রঞ্জন সাহা চিতু,আবু নাসিফ খলিল,হুমায়ুন কবীর,শহিদুল ইসলাম,আব্দুল গণি, হোসেন মোহাম্মদ ফারুক,জামাল উদ্দীন বেঙ্গলী,সুমন মালিক,কাজল গুরু,সুমন ইকবাল, এম এ মামুন প্রমুখ।চিরায়ত সাহিত্য থেকে কবিতা পাঠ করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ ।

স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন ডা. হেদায়েত উল্লাহ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

দর্শনায় নৌকা প্রতীকের পক্ষে নির্বাচনী প্রচারনা সভা

আগামী ৭ জানুয়ারী অনুষ্ঠিত হবে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এ নির্বাচনকে ঘিরে শুরু হয়েছে প্রচার প্রচারনা।আজ শুক্রবার সন্ধায়

দর্শনা ইসলাম বাজার ফ্রেন্ডস আইডিয়াল ক্লাব চত্তরে নৌকা প্রতিকের পক্ষে প্রচারনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল গফুরের সভাপত্বিতে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু।

এ সময় তিনি বলেন, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই। তাই আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামীলীগ সরকার গঠনে সহায়তা করুন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর আআওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,আওয়ামীলীগ নেতা, জাহিদুল ইসলাম,বিল্লাল হোসেন,মাওঃ ওমর আলী,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট,সহ সম্পাদক আব্দুল মান্নান খান,প্রমুখ।

অনুষ্টানটি উপস্থাপনা করেন, দর্শনা পৌর যুবলীগের সাধারন সম্পাদক শেখ আসলাম আলী তোতা।

আলমডাঙ্গায় একের অধিক নির্বাচনী অফিস নির্মাণে তিন প্রার্থীকে জরিমানা

চুয়াডাঙ্গা-১ আসনে সংসদ নির্বাচনে আচরণ বিধি লঙ্ঘনের অপরাধে তিন প্রার্থীকে সাড়ে ৭ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রামমাণ আদালত।

গতকাল বৃহস্পতিবার রাতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাচনে নিয়োজিত ম্যাজিস্ট্রেট ও আলমডাঙ্গা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ।

আদালত সূত্রে জানা যায়, আলমডাঙ্গা পৌরসভার বিভিন্নস্থানে নির্বাচনী আচরণ বিধি মানা হচ্ছে কিনা সেটা তদারকিতে মাঠে নামে

ভ্রাম্যমাণ আদালত। আওয়ামীলীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী ও স্বতন্ত্র ঈগল প্রতিকের প্রার্থীর পৌর এলাকায় একের অধিক নির্বাচনি অফিস থাকায় তাদের দুজন কর্মীকে জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত। নৌকার প্রার্থীর কর্মীকে আড়াই হাজার টাকা ও ঈগল প্রতীক প্রার্থীর কর্মীকে তিন হাজার টাকা জরিমানা করেন। এছাড়া স্বতন্ত্র ফ্রীজ প্রতিকের প্রার্থীকে এম.এ. রাজ্জাক খাঁন রাজের বৈদ্যুতিক ল্যাম্পপোস্টে ভোটের পোস্টার স্থাপন ও মাপের অধিক বড় বিলবোর্ড নির্মাণের জন্য তার কর্মীকেও ২ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় নির্বাচনে নিয়োজিত ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ জানান, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকেই ছাড় দেওয়া হবে না। নির্বাচনে সকল প্রার্থীকেই আইন মেনে চলতে হবে। নির্বাচন পর্যন্ত এ অভিযান অব্যাহত থাকবে।

চুয়াডাঙ্গায় ঈগল প্রতীকের প্রার্থীর প্রচার কাজে নিয়োজিত ইজিবাইক চালককে ধারালা অস্ত্রাঘাতে জখম

চুয়াডাঙ্গা শহরের একাডেমী বিদ্যালয়ের মোড়ে স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালার ঈগল প্রতীকের প্রচার কাজে নিয়োজিত ইজিবাইক চালক রুবেল হোসনকে (৩০) ধারালো অস্ত্রাঘাতে জখম করা হয়েছে। আহত রুবলকে রক্তাক্ত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। গতকাল বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) বেলা পৌনে ৩টার দিকে এ ঘটনাটি ঘটে।

চুয়াডাঙ্গা পৌর এলাকার বাগানপাড়ার মিনারুল ইসলামের ছেলে ইজিবাইক চালক আহত রুবেল চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী দিলীপ কুমার আগরওয়ালার নির্বাচন প্রচার কাজ নিয়জিত রয়েছে।

আহত রুবলের মামা আসাবুল হক বলেন, এদিন সকালে ঈগল প্রতীকের প্রচার কাজে ব্যবহৃত মেমোরী কার্ড

নিয়ে ওই এলাকার মফিজুরের সঙ্গে রুবলের বাকবিতন্ডা হয়। এরই মধ্যে মফিজুরের ভাগ্নে শাহাদাৎকে বিষয়টি জানায়। তারপর দুপুরে প্রচার চালাতে মাইক নিয়ে একাডেমী বিদ্যালয়ের মোড় গেলে শাহাদাৎ ধারালো অস্ত্র দিয়ে তাকে কুপিয়ে জখম করে। এরপর স্থানীয়দের সহযোগীতায় তাকে উদ্ধার করে সেখান থেকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে এসে ভর্তি করা হয়।

সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক সোহরাব হোসন বলেন, আহত রুবলের শরীলের পিঠে ধারালো অস্ত্রাঘাতের জখম হয়েছে। সেই ক্ষতস্থানে সেলাই দিয়ে প্রাথমিক চিকিৎসা শেষে তাকে ভর্তি রাখা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকন্দার আলী বলেন, এটা নির্বাচন কেদ্রীক কোন ঘটনা নয়। দুজনই ইজিবাইক চালক। একটি মেমোরী কার্ড দেওয়া নেওয়াকে কেদ্র করেই আঘাতের ঘটনাটি ঘটেছে। তবে বিচার প্রার্থীর কাছ থেকে গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ৮টা পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পাওয়া গেলে সেটার ওপর ভিত্তি করে প্রয়াজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গা-দর্শনা মহাসড়কে বাস-পাওয়ারটিলার মুখোমুখি সংঘর্ষ, আহত ২

চুয়াডাঙ্গার দামুড়হুদা-দর্শনা সড়কের লোকনাথপুর ফায়ার সার্ভিসের অদূরে বাস-পাওয়ারটিলার সড়ক দুর্ঘটনায় ২ জন রক্তাক্ত জখম হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩ টার দিকে এ দৃর্ঘটনা ঘটে।

দুর্ঘটনায় আঘাত পেয়ে রক্তাক্ত জখম হয়েছেন, পাওয়ারটিলার চালক দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের কালিয়াবকরি গ্রামের মজিবরের

ছেলে জহির ইসলাম কটা (৩৩) ও নতিপোতা গ্রামের আশাদুলের ছেলে গরু ব্যবসায়ী রিপন মিয়া (৩৬)।

প্রত্যক্ষদর্শীরা জানান, জীবননগর উপজেলার শিয়ালমারি পশু হাট থেকে গরু বিক্রি করে বাড়ি ফেরার পথে দর্শনা-দামুড়হুদা সড়কের মাঝে লোকনাথপুর ফায়ার সার্ভিসের কাছে পৌঁছালে বেপরোয়া গতিতে এসে পিছন দিক থেকে ধাক্কা দেয় কার্পাসডাঙ্গা থেকে ছেড়ে আসা ফরিদপুর গামী রেখা পরিবহন। ধাক্কা দেয়ায় পাওয়ারটিলার চালক কটা (৩৫) রাস্তার উপরে ছিটকে পড়ে রক্তাক্ত অবস্থায় বেহুশ হয়ে যায়। তখন তাকে ধরে রাস্তার পাশে নিয়ে সরানোর জন্য গেলে রেখা পরিবহনের বাসটি চলে যাওয়ার চেষ্টা করলে ১ জন গরু ব্যাপারি সামনে যেয়ে হাত উুঁচু করে দাড়ালে তাকে সাইড কাটিয়ে বাসটি সেখান থেকে পালিয়ে যায়।

তাৎক্ষণিকভাবে পথচারীরা ফায়ার সার্ভিসের অফিসে জানালে সাথে সাথেই তারা গাড়ি নিয়ে ঘটনাস্থল থেকে আহতদের উদ্ধার করে দামুড়হুদা চিৎলা হাসপাতালে ভর্তি করেন। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর চালক কটার অবস্থার অবনতি দেখা গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। বাকিরা প্রাথমিক চিকিৎসা শেষে বর্তমানে নিজ বাড়িতে আছেন। তবে গুরুতর আহত পাওয়ারট্রলির চালক কটার অবস্থা আশংকাজনক।

আলমডাঙ্গার বিভিন্ন এলাকায় ছেলুন জোয়ার্দ্দারের গণসংযোগ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দার ছেলুন আলমডাঙ্গার বিভিন্ন ইউনিয়নে গনসংযোগ করেছেন।

গতকাল বৃহস্পতিকার তিনি পিটিআই মোড়,কান্তপুর ব্রিজ মোড়, মুন্সিগঞ্জপশুহাট, জেহালা, রোয়াকুলি, বন্ডবিল, রেলস্টেশন এলাকা ও আলমডাঙ্গা পৌর পশুহাট এলাকায় গণ সংযোগ করেন।

গন সংযোগ কালে তিনি বিভিন্ন মানুষের সাথে কুশল বিনিময় করে নৌকায় ভোট প্রার্থনা করেন।

এ সময় তিনি বলেন,আওয়ামীলীগ সরকার উন্নয়নের সরকার,আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়।বর্তমান সরকার ক্ষমতায় এসে গৃহহীন দের গৃহ নির্মাণ করে দিয়েছে।যাদের জমি নেই তাদেরও জমি সহ গৃহ নির্মান করে দিয়েছে।বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি সহ ৫৩ প্রকারের ভাতা দেওয়া হচ্ছে।গরীব মানুষদের জন্য স্বল্প মুল্যে চাল ডাল, তেল,পেঁয়াজ দিচ্ছে।প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্টানে বিল্ডিং করে দিয়েছে।বছরের শুরুতে শিক্ষার্থীদের মাঝে নতুন বই তুলে দেওয়া হচ্ছে।সন্ত্রাস নির্মুল করার পর মানুষ শান্তিতে ঘুমাতে পারছে।

বিগত সরকার আমলে সন্ত্রাসীদের লালন করা হয়েছিল।কিন্ত বর্তমান সরকার সন্ত্রাস নির্মুল করে যুগান্তকারি পদক্ষেপ নিয়ে মানুষকে সন্ত্রাসীদের হাত থেকে মুক্তি দিয়েছে।

দেশের এই উন্নয়নের ধারা অব্যাহত ররাখতে আবারও নৌকায় ভোট দিবেন। গণসংযোগকালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা,সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,সাবেক সহ-সভাপতি আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা,সাবেক পৌর সম্পাদক সিরাজুল ইসলাম,পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,কালিদাশপুর ইউনিয়নের সভাপতি জয়নাল আবেদীন,যুবলীগ নেতা হিটু,সৈয়কত খান প্রমুখ।

দর্শনা সীমান্তে গাঁজা ও ভারতীয় ইয়ারগানের বডিসহ গ্রেফতার ২

দর্শনা থানা পুলিশ অস্ত্র ও মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩ কেজি গাঁজা ও ইয়ারগানের ৮ টি বডি ব্যারেলসহ ২ জনকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত হলো চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের বড়বলদিয়া পশ্চিমপাড়া গ্রামের মৃত হিসাব আলীর ছেলে সোহেল রানা (৩৫)একই গ্রামের মৃত আজিম উদ্দীনের ছেলে জিয়ারুল ইসলাম ওরফে কালো জিয়াকে (৪০),গ্রেফতার করে।

পুলিশ জানায় আজ বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) রাত পৌনে তিনাটার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অস্ত্র ও মাদক বিরোধী অভিযান চালায় বড় বলদিয়া গ্রামের দক্ষিন পোতার চৌচালা টিনের বসত ঘরে।

এ সময় দর্শনা থানার এস আই তারেক হাসান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদকবিরোধী অভিযান চালিয়ে টিনের ঘরের বসত ঘর থেকে ২ জনের স্বীকারোক্তিতে ৩ কেজি ভারতীয় গাঁজা ও ইয়ারগানের ৮ টি বডি ব্যারেল উদ্ধার করে। এ সব মালামালের আনুমানিক বাজার মৃল্য ১ লাখ ১০ হাজার টাকা।

আজ গ্রেফতারকৃত ২ জনকে অস্ত্র ও মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।